

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.irespw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৬৬২

তারিখঃ ০২/০৮/২০২১ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচির আওতায় কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সময়ে বিভিন্ন খাতের (ল্যাপটপ ও ট্যাব ফ্রয়, উৎসব ভাতা ও উৎসব কেন্দ্রিক এক মাসের বেতন-ভাতা) বিপরীতে অগ্রিম প্রদান করা হয়েছে, যা নির্ধারিত সময়ে সমন্বয়যোগ্য হওয়া সত্ত্বেও অদ্যাবধি কিছু কিছু উপজেলায় তা সমন্বয় করা হয়নি। এছাড়া কোন কোন উপজেলায় বেতন-ভাতা খাতে অর্জিত আয়ের তুলনায় অতিরিক্ত বেতনভাতা প্রদান/গ্রহণ করা হয়েছে। নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে বেতনভাতা খাতে অতিরিক্ত ব্যয় করা হয়েছে, যা সুস্পষ্টভাবে সরকারী আর্থিক বিধি বিধানের পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ। এক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে যে সকল ইউআরডিও এ ধরনের আর্থিক বিধি বিধান লঙ্ঘন করেছেন তিনি এবং যিনি গ্রহণ করেছেন উভয়ই এর জন্য সমভাবে দায়ী হবেন। তাই সমন্বয়যোগ্য গৃহীত অগ্রিম ও অর্জিত আয়ের চেয়ে অতিরিক্ত বেতনভাতা বাবদ গৃহীত সকল অর্থ কর্মসূচি'র হিসাবে আগামী ৩০ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত অর্থ পরিশোধে ব্যর্থ হবেন তাদেরকে শাস্তিস্বরূপ ২য় পর্যায়ের প্রকল্পে অন্তর্ভুক্ত না করার উদ্যোগ নেয়া হবে।

২। কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারী করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৬৬২

তারিখঃ ০২/০৮/২০২১ খ্রি:

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ---- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----, জেলাঃ -- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ -- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক